**BAPEX বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)**

## কোম্পানি সচিবালয়

## বোর্ড উপবিভাগ

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : জানুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ৩০ জানুয়ারি, ২০২৪; বিকাল ২.০০ ঘটিকা

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ নিয়ে ১টি প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান আছে। এ সম্পর্কে ব্যবস্থাপনা পরিচালক প্রকল্পের অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, ব্যয় প্রাক্কলনের কাজ চলমান আছে। সংশ্লিষ্ট বিভাগসমূহ কর্তৃক প্রাথমিকভাবে ব্যয় প্রাক্কলন করা হয়েছে এবং পূর্ণাঙ্গভাবে ব্যয় প্রাক্কলন প্রতিবেদন পাওয়া গেলে ডিপিপি প্রস্তুত করা হবে।<br><br>তিনি আরো জানান যে, IIFC হতে প্রতিবেদন শীঘ্রই পাওয়া যাবে। 5 Wells এর DPP প্রস্তুতকরণের কাজ প্রক্রিয়াধীন আছে যা আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হবে।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন যে, খসড়া ব্যয় প্রাক্কলন প্রতিবেদন IIFC বরাবর প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী খসড়া ডিপিপিও প্রস্তুত রাখতে হবে যাতে চূড়ান্ত সমীক্ষা প্রতিবেদন পাওয়া গেলে দ্রুত ডিপিপি চূড়ান্ত করে পেট্রোবাংলায় প্রেরণ করা যায়। | (ক) বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপের ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দ্রুত সম্পন্ন করতে হবে এবং খসড়া DPP প্রস্তুত রাখতে হবে।<br>(খ) IIFC এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>(গ) 5 Wells এর DPP পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। উপমহাব্যবস্থাপক ও সদস্য-সচিব, ব্যয় প্রাক্কলন কমিটি |
| ২ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে প্রাপ্ত Ministry Assessment Format (MAF) যথাযথভাবে পূরণ করে উক্ত বিভাগে প্রেরণ করা হয়েছে। শীঘ্রই তা পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হবে। এছাড়া গত ২৫-১২-২০২৩ তারিখে "২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন" শীর্ষক প্রকল্পের ডিপিপি পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক প্রকল্প অনুমোদন যাতে ত্বরান্বিত করা যায় সেজন্য বিভিন্ন দপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। | ডিপিপি অনুমোদন ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন দপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা ও মনপুরা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জনাব হাওলাদার ওহিদুল ইসলাম জানান যে, বাপেক্স কর্তৃক নিয়োজিত ভূপদার্থিক বিভাগের কনসালটেন্ট অধ্যাপক ড. আনোয়ার হোসেন ভূইঁয়া কারিগরি ও ভূতাত্ত্বি তথ্যাদি বিশ্লেষণ করে চরফ্যাশন এলাকায় ৬০০ বর্গ কি. মি এলাকায় এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনা করার জন্য Recommend করেন। অপরদিকে ভোলা আইলেন্ড ও এর Surrounding Area-তে স্টাডি করার জন্য Gazprom ও বাপেক্স এর মধ্যে স্বাক্ষরিত MOU এর আওতায় স্ট্যাডির প্রেক্ষিতে চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় (৩-ডি) সাইসমিক কার্যক্রম গ্রহণের পরিকল্পনা সভাকে অবহিত করেন।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ব্লক-১০ এর চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ট্রানজিশন জোনসহ প্রায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি. মি. আলাদা ভাবে ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনা করার জন্য পৃথকভাবে প্রস্তাব প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। | ব্লক-১০ এর চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ট্রানজিশন জোনসহ প্রায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি. মি. আলাদা ভাবে ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনা করার জন্য প্রস্তাব প্রস্তুত করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ), ভূপদার্থিক বিভাগ<br><br>২। উপমহাব্যবস্থাপক, ডাটা প্রসেসিং উপবিভাগ, ভূপদার্থিক বিভাগ |
| ৪ | অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত | উপমহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক প্রকৌশলী মোহাম্মদ মনিরুজ্জামান সভায় জানান যে, ভোলা ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, রূপগঞ্জ, ফেঞ্চুগঞ্জ ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের অকেজো মালামালের খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে কয়েকটি গ্যাসক্ষেত্র/এলাকা সরেজমিন পরিদর্শন করা হয়েছে। অচিরেই চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হবে।<br><br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মো: আসাদ উল্লাহ্ বলেন যে, অকেজো মালামাল Condemn ঘোষণার জন্য পূর্বে গঠিত কমিটি পুনর্গঠন করে নতুন কমিটি গঠন করা হয়েছে এবং নতুন কমিটি Final Report দাখিল করবে বলে সভাকে অবহিত করেন।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক দ্রুত সময়ের মধ্যে সমুদয় অকেজো মালামালের তালিকা চূড়ান্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন। | আগামী ০৭ কর্মদিবসের মধ্যে পুনর্গঠিত কমিটি যাবতীয় অকেজো মালামালের তালিকা চূড়ান্ত করে প্রতিবেদন দাখিল করবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও আহবায়ক, অকেজো ঘোষণা কমিটি<br><br>২। উপমহাব্যবস্থাপক (তড়িৎকৌশল) ও সদস্য-সচিব, অকেজো ঘোষণা কমিটি |
| ৫ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় অবহিত করেন যে, পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী Feasibility study-এর জন্য IIFC এর নিকট ইতোমধ্যে Specification প্রেরণ করা হয়েছে এবং IIFC হতে গত ২৯/০১/২০২৪ তারিখে Feasibility Study এর রিপোর্ট পাওয়া গিয়েছে। "২০০০ হর্স পাওয়ার রিগ ক্রয় প্রকল্প" শীর্ষক প্রকল্পের ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন এসি-সি ভিএফডি খনন রিগ ক্রয়, কমিশনিং, ০১টি কূপ খনন পরিচালনার সহযোগিতা ও রক্ষণাবেক্ষণ পরিষেবা এবং খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন্য প্রস্তুতকৃত আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র ও দরপত্র বিজ্ঞপ্তি আহবানের অনুমোদনের জন্য পরিচালানা পর্ষদ সভায় শ্রীঘ্রই কার্যপত্র উপস্থাপন করা হবে। | আসন্ন পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br><br>২। উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক আগামী পরিচালনা পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ৬ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় অবহিত করেন যে, প্রকল্পের আওতায় বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য Expression of Interest (EOI) আহবানের বিপরীতে ০৭টি প্রতিষ্ঠান হতে চাহিদাকৃত পরামর্শক সেবা প্রদানের আগ্রহ পত্র পাওয়া যায়। আগ্রহপত্রসমূহের মূল্যায়নে ৫টি প্রতিষ্ঠান উত্তীর্ণ হয় এবং তাদের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক প্রকল্পের ব্যয় প্রাক্কলন বিষয়ে বলেন যে, বিজিএফসিএল কর্তৃক প্রস্তুতকৃত ডিপিপি'র আইটেম ভিত্তিক ব্যয় যাচাই-বাছাই করার জন্য পেট্রোবাংলায় একটি কমিটি গঠন করা হয়েছে। তিনি উক্ত কমিটির মতামতের আলোকে ব্যয় প্রাক্কলন এবং ডিপিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | (ক) বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>(খ) বিজিএফসিএল ন্যায় ব্যয় প্রাক্কলন করে সে অনুযায়ী ডিপিপি প্রণয়ন করে আগামী পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৭ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) সভায় জানান যে, অডিট আপত্তির জবাব প্রস্তুতের জন্য ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। বিভিন্ন বিভাগ হতে IDN এর মাধ্যমে তথ্য সংগ্রহপূর্বক হালনাগাদ করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বোর্ডে উপস্থাপনের জন্য জবাবসহ কার্যপত্র প্রস্তুত করা হয়েছে কি না জানতে চান। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) অডিট আপত্তির জবাব প্রস্তুতের কাজ প্রায় শেষ পর্যায়ে বলে সভাকে অবহিত করেন। গঠিত কমিটির সাথে সভায় মিলিত হয়ে আলোচনা করে জবাব ঠিক করা গেলে আরও শ্রেয় হবে বলে মতমত প্রদান করেন।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, কমিটির সবাই যেহেতু অফিস চলাকালীন দাপ্তরিক কাজে ব্যস্ত থাকে, সেহেতু বন্ধের দিনে অর্থাৎ যেকোন শনিবার কমিটি সভায় মিলিত হলে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা যাবে মর্মে মতামত ব্যক্ত করেন ।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন যে, যেহেতু অডিট আপত্তিসমূহ কোন না কোন উপবিভাগের সাথে সংশ্লিষ্ট সেহেতু সকল উপমহাব্যবস্থাপকগণকেও অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত সভায় উপস্থিত থাকা এবং কমিটিকে এ বিষয়ে আরও বেশি তৎপর হওয়ার পরামর্শ প্রদান করেন। | (ক) অডিট আপত্তিসমূহের জবাবসহ দ্রুত বোর্ড পেপার প্রস্তুত করতে হবে।<br>(খ) বন্ধের দিনে অর্থাৎ শনিবার কমিটির সভা আয়োজন করতে হবে এবং কমিটির সকল সদস্য ও সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপকগণকেও সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে । | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা)<br>২। মহাব্যবস্থাপক ও আহ্বায়ক ,অডিট আপত্তি নিষ্পত্তি কমিটি |
| ৮ | হালদা কূপে ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, ভূমি অধিগ্রহণের বিষয়ে BSRM কর্তৃপক্ষ এর সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। BSRM কর্তৃপক্ষ নীতিগতভাবে ১ জানুয়ারি, ২০২৫ হতে ৩১ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত অর্থাৎ ০১ বছরের জন্য জমি ভাড়া প্রদানের জন্য সম্মত হয়েছে। BSRM কর্তৃপক্ষ জমি ভাড়া বাবদ দাবীকৃত অর্থ ০৭ (সাত) দিনের মধ্যে অবহিত করবে। | ক) ভূমি সংক্রান্ত বিষয়টি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>খ) BSRM কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| ৯ | APA সংক্রান্ত কার্যক্রম | APA টিম লিডার ও মহাব্যবস্থাপক (উৎপাদন) সভায় জানান যে, নিয়মিত এপিএ কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে এবং ষান্মাষিক রিপোর্ট নিয়ে আগামী সপ্তাহে সভা আয়োজন করা হবে। তিনি সংশিষ্ট সকলকে এপিএ সংক্রান্ত বিষয়ে তথ্য হালনাগাদ করার পরামর্শ প্রদান করেন।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, বেগমগঞ্জ-৪ এ কূপ খনন বিষয়ে তৎপর হওয়া প্রয়োজন। বেগমগঞ্জ-৪ কূপ খনন কাজ জুন, ২০২৪ এর মধ্যে সম্পন্ন করতে হবে মর্মে APA-তে উল্লেখ রয়েছে। তাই সুন্দলপুর-৩ যত দ্রুত শেষ হবে তত দ্রুত বেগমগঞ্জ-৪ কূপ খনন কাজ শুরু করা যাবে বলে মতামত ব্যক্ত করেন। তিনি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে প্রকল্পের কাজে আরো তৎপর হওয়ার পরামর্শ প্রদান করেন । উপস্থিতি সদস্যবৃন্দ তাতে একমত পোষণ করেন। | ক) প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের সোমবার APA-এর অগ্রগতি বিষয়ক সভার আয়োজন করতে হবে।<br>খ) APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে।<br>(গ) বেগমগঞ্জ-৪ কূপ খননের ক্ষেত্রে আরো তৎপর হতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি<br>২। মহাব্যবস্থাপক (খনন)<br>৩। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ১০ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সে অগ্নিমহড়া আয়োজনের বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (সেবা) বলেন যে, ফায়ার সার্ভিসকে আগামী মার্চ ২০২৪ এর মধ্যে অগ্নিমহড়া আয়োজনের বিষয়ে পত্র প্রেরণ করার কার্যক্রম চলছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রধান কার্যালয়সহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তা জোড়দার করার নির্দেশনা প্রদান করেন। | আগামী মার্চ ২০২৪-এ বাপেক্স ভবনে অগ্নিমহড়া আয়োজন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এন্ডবায়নমেন্ট)<br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১১ | জকিগঞ্জ-০১ ও শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার | শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে ব্যবস্থাপনা পরিচালক জানতে চাইলে মহাব্যবস্থাপক (খনন) প্রকৌশলী গাজী মোহাম্মদ মাহবুবুল হক বলেন যে, শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার কার্যক্রম পরিচালনার জন্য পরিচালনা পর্ষদের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। Central Workshop হতে তথ্য নিয়ে Specifications তৈরি করা হয়েছে এবং প্রাক্কলন তৈরির কাজ প্রক্রীয়াধীন আছে। আগামী পর্ষদ সভার পূর্বে Specifications এবং প্রাক্কলন প্রতিবেদন প্রস্তুত সম্পন্ন হবে বলে সভাকে অবহিত করেন। | শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার কার্যক্রম পরিচালনার জন্য Cromium Alloy Tubing বাপেক্সের রাজস্ব খাত হতে ক্রয়ের উদ্যোগ নিতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>৩। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| ১২ | বিবিধ: | ১। উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব মো: মশিউর রহমান বলেন যে, Research & Development বিভাগের উপমহাব্যবস্থাপক এর Job Responsibility কি হবে তা নির্ধারণ করা দরকার। এছাড়ও শুধুমাত্র একজন উপমহাব্যবস্থাপক দিয়ে একটি উপবিভাগ পরিচালনা করা দুরূহ বলে সভাকে অবহিত করেন।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) Research & Development বিভাগের উপমহাব্যবস্থাপক এর job description প্রেরণ দেয়া হবে বলে আশ্বস্ত করেন এবং Organogram প্রস্তুতের জন্য গঠিত কমিটিকে দ্রুত কাজ সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন।<br>২। উপমহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক জনাব মো: মনিরুজ্জামান বলেন যে, Dollar সংকটের জন্য | LC এর বিষয়ে দিক্ নির্দেশনা কামনা করে পরিচালনা পর্ষদের সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ব্যাংকে LC খোলা যাচ্ছে না। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জনাব মো: সোনা উল্লাহ জানান যে, অর্থ মন্ত্রণালয় থেকে সম্প্রতি একটি পত্র পাওয়া গেছে যেখানে বিধি বিধান অনুযায়ী ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে এ সংক্রান্ত কি বিধি বিধান রয়েছে সে সম্পর্কে তিনি অবগত নন বলেও সভাকে অবহিত করেন।<br><br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, LC খোলা যেহেতু অতীব জরুরি সেহেতু এ বিষয়ে দিক নির্দেশনা কামনা করে পরিচালনা পর্ষদের সভায় কার্যপত্র উপস্থাপনের জন্য পরামর্শ প্রদান করেন ।<br><br>৩। উপমহাব্যবস্থাপক (ICT) জনাব মো: সিরাজুল ইসলাম বলেন যে, সকল বিভাগের জন্য চাহিদাকৃত কম্পিউটার ক্রয়ের জন্য পর্যাপ্ত বাজেট নেই। চাহিদাকৃত কম্পিউটার সামগ্রী ক্রয় করতে প্রায় ৩ কোটি টাকা প্রয়োজন হলেও মাত্র ৩৬ লক্ষ টাকা আছে বলে তিনি জানান।<br><br>এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) সভাকে অবহিত করেন Revise বাজেটে বিষয়টি উপস্থাপন করা হবে এবং অনুমোদিত হলে চাহিদাকৃত কম্পিউটার সামগ্রী ক্রয় করা সম্ভব হবে বলে জানান। | | |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/02/2024

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

**বিতরণ:**

১) মহাব্যবস্থাপক ......................................................................., বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ..................................................................., বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/প্রকল্প ব্যবস্থাপক ............................................., বাপেক্স।
৪) অফিস কপি।